ইয়েমেনে প্রশিক্ষণ শিবিরে হামলায় নিহত ৫৮



ছবি: সংগৃহীত

ইয়েমেনের শাবওয়া প্রদেশে নিরাপত্তা বাহিনীর একটি প্রশিক্ষণকেন্দ্রে হামলায় ৫৮ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন দুই শতাধিক। এ ছাড়া ১৪ জনের খোঁজ পাওয়া যায়নি বলে জানিয়েছেন প্রদেশটির গভর্নর আওয়াদ আল-ওয়াজির। খবর রয়টার্সের।

সোমবার (১৯ অক্টোবর) গভর্নর জানান, আল-আলাম প্রশিক্ষণ শিবিরে গোলাবর্ষণের পর হতাহতের এ ঘটনা ঘটে।

হুতিদের সামরিক মুখপাত্র ইয়াহিয়া সারি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে হামলার দায় স্বীকার করেন। তাঁর ভাষ্য, শিবিরটি সৌদি বাহিনীর পরিচালনায় ছিল। তবে এ বিষয়ে সৌদি কর্তৃপক্ষের বক্তব্য পাওয়া যায়নি।

ইরান-সমর্থিত হুতিগোষ্ঠী ও সৌদি নেতৃত্বাধীন জোটের সমর্থনপুষ্ট আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকার দীর্ঘদিন ধরে সংঘাতে লিপ্ত। গত সেপ্টেম্বরে লোহিত সাগরের প্রবেশপথের গুরুত্বপূর্ণ নৌপথ বাব আল-মান্দেব প্রণালির কাছে হুতিদের অগ্রসর হওয়ার পর পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে।